দৈনিক ইত্তেফাক

তারিখ 19 DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 6

42

# লক্ষ্য অর্জনে অপ্রয়োজনীয় বিষয় এড়াইতে হইবে

*—প্রধানমন্ত্রী*

বাসস ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (শুক্রবার) গণতান্ত্রিক প্রক্রিয়া সুসংহত করার উদ্দেশ্যে জাতীয় সমস্যাবলী সমাধানে সকল মহলের সম্মিলিত ও দায়িত্বশীল প্রয়াসের জন্য পুনরায় আহ্বান জানাইয়াছেন। ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রীয় ছাত্র ইউনিয়নের নবনির্বাচিত কর্মকর্তাগণ প্রধান মন্ত্রীর সঙ্গে তাহার সুগন্ধা কার্যালয়ে সাক্ষাৎ করিতে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর)

গেলে তাহাদের উদ্দেশে বক্তৃতা প্রসঙ্গে বেগম খালেদা জিয়া বলেন, বর্তমান গণতান্ত্রিক ব্যবস্থায় উন্নয়নের ইপ্সিত লক্ষ্য অর্জনে জাতির উন্নতি ও অগ্রগতিতে বিঘ্ন সৃষ্টিকারী অপ্রয়োজনীয় বিষয় এড়াইতে হইবে। ইউনিয়নের নব নির্বাচিত কর্মকর্তাদের অভিনন্দন জানাইয়া প্রধানমন্ত্রী গণতন্ত্রকে অর্থপূর্ণ করার জন্য ক্যাম্পাসে সম্মিলিত ভাবে সন্ত্রাস প্রতিরোধ করিতে ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান। বেগম খালেদা জিয়া বলেন, বর্তমান সরকার শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ সৃষ্টির প্রয়াসে দলীয় আনুগত্য নির্বিশেষে সকল ছাত্র সংগঠনকে সমভাবে বিবেচনা ও সহযোগিতা প্রদান করিতেছে। ডিএমসি কেন্দ্রীয় ছাত্র সংসদের সাম্প্রতিক নির্বাচনে ২০টি আসনের ১৭টি লাভ করে জাতীয়তাবাদী ছাত্র দল। গতকালের অনুষ্ঠানে নির্বাচিত ২০ জনই উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী মেডিক্যাল ছাত্রদের স্মরণ করাইয়া দেন যে, তাহাদিগকে চিকিৎসক হিসাবে তৈরী করার ব্যয় নির্বাহের জন্য দরিদ্র জনসাধারণ তাহাদের কষ্টার্জিত আয় প্রদান করিতেছে। সাধারণত স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অবহেলিত গ্রামীণ দরিদ্র জনসাধারণের কষ্ট লাঘবের নৈতিক দায়িত্ব চিকিৎসকদের। বেগম জিয়া চিকিৎসকদের প্রতি যেখানেই দায়িত্বে থাকুন না কেন মানবতার কষ্ট লাঘবে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। প্রধানমন্ত্রী আনন্দ প্রকাশ করিয়া বলেন, আমাদের চিকিৎসকগণ তাহাদের দক্ষতা ও আন্তরিকতার জন্য বিদেশে প্রশংসা অর্জন করিয়াছেন। তিনি বলেন, এ কারণে বিদেশে বাংলাদেশী চিকিৎসকদের চাহিদা বৃদ্ধি পাইতেছে। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করিয়া বলেন, বিদেশে চাকুরী প্রাপ্তিতে চিকিৎসকগণ আরও সুযোগ লাভ করিবেন এবং দেশের অর্থনীতিকে শক্তিশালীকরণে সহায়তা করিবেন। প্রধানমন্ত্রী ঢাকা মেডিক্যাল কলেজের সমস্যাবলী পর্যায়ক্রমে সমাধানে সম্ভাব্য সকল সহযোগিতার আহ্বান জানান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, তথ্যমন্ত্রী নাজমুল হুদা, পূর্ত মন্ত্রী রফিকুল ইসলাম মিয়া, স্বাস্থ্য উপমন্ত্রী সিরাজুল হক, বিএনপি নেতা মুজিবর রহমান, ছাত্রদল নেতা আবুল খায়ের ভুঁইয়া ও নাসিরুদ্দিন আহমদ পিন্টুও বক্তৃতা করেন।

### বেসরকারী কলেজ শিক্ষক সমিতি

বেসরকারী কলেজ শিক্ষক সমিতির সদস্যগণ গতকাল সুগন্ধা কার্যালয়ে প্রধান মন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেন। বক্তৃতা প্রসঙ্গে প্রধানমন্ত্রী ক্ষুদ্র স্বার্থের উর্ধ্বে উঠিয়া দেশের ভবিষ্যৎ নাগরিকদের যথাযথ দিকনির্দেশনা প্রদানের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।